বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক ইনকিলাব
তারিখ ... 1989
পৃষ্ঠা 5 কলাম 3

২৪
157

# শিক্ষাঙ্গন

## ত্রিশাল কলেজের সমস্যা

ময়মনসিংহ জেলার একটি উপজেলার নাম ত্রিশাল। এই উপজেলার একমাত্র কলেজ নজরুল কলেজ। এই উপজেলার একমাত্র উচ্চ শিক্ষার প্রতিষ্ঠান ত্রিশাল নজরুল কলেজ। এই কলেজে দীর্ঘদিন যাবৎ নানা অবস্থা বিরাজমান থাকায় ছাত্র-ছাত্রীদের লেখাপড়া মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে।

১৯৬৭ সালে প্রতিষ্ঠিত এই কলেজটিতে বর্তমান ছাত্র-ছাত্রীর সংখ্যা প্রায় ২ হাজার ৫শ'। অথচ দীর্ঘদিন যাবৎ কয়েকজন শিক্ষকের পদ খালি থাকায় লেখাপড়ার সুষ্ঠু পরিবেশ বিঘ্নিত হচ্ছে। উক্ত কলেজে ছাত্র-ছাত্রীদের তুলনায় ক্লাস রুমের সংখ্যা খুবই নগণ্য।

ক্লাস রুমের এবং চেয়ার, টেবিল, ব্লাক বোর্ড, বেঞ্চসহ ইত্যাদির অভাবে ছাত্র-ছাত্রীদের লেখাপড়া মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। কলেজে ছাত্র-ছাত্রীদের আজ পর্যন্ত নির্ধারিত কোন টয়লেট না থাকায় ছাত্র-ছাত্রীরা সীমাহীন দুর্ভোগ পোহাচ্ছে। বিশেষ করে ছাত্রীদের অবস্থা খুবই নাজুক। এই কলেজে ছাত্র ও ছাত্রীদের সংখ্যা সমপরিমাণ। ত্রিশালে কোন মহিলা কলেজ নেই। সেজন্য মহিলা শিক্ষা ব্যবস্থা ব্যাহত হচ্ছে। কাজেই মহিলা কলেজ এখানে খুবই প্রয়োজন।

নজরুল কলেজে ছাত্রীদের সংখ্যানুযায়ী কোন কমন রুম নেই। অস্থায়ীভাবে একটি রুমকে কমন রুম হিসাবে ব্যবহার করা হচ্ছে। কলেজটিতে খেলাধুলার ভাল কোন সরঞ্জাম না থাকায় ছাত্র-ছাত্রীরা খেলাধুলা হতে বঞ্চিত হচ্ছে। এই নজরুল কলেজে উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য বিভাগ চালু আছে। স্নাতক পর্যায়ে বিএ ও বিকম পড়ার সুযোগ আছে। কিন্তু বিজ্ঞানাগারে সীমাবদ্ধতা, আর্থিক সংকট, কক্ষের সংকট ও অধ্যাপকের অভাবে বিএসসি ক্লাস চালু করা সম্ভব হয়নি। ত্রিশাল নজরুল কলেজে বিজ্ঞানাগারে প্রয়োজনীয় যন্ত্রপাতি না থাকায় বিজ্ঞান বিভাগের ছাত্র-ছাত্রীদের লেখাপড়া মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে।

—ইকবাল হোসেন শাহী